



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/17/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে নতুন আইন কার্যকর হওয়ার প্রথম 48 ঘন্টার মধ্যে 3,600 এরও বেশি দত্তক নেওয়া নিউ ইয়র্কবাসী তাদের প্রত্যয়িত জন্মের প্রত্যয়ন পত্রের জন্য আবেদন দাখিল করেন

*15 জানুয়ারি থেকে নতুন আইনের অধীনে দলিলের অনুরোধ করতে সক্ষম হয়েছিলেন যাদের দত্তক নেওয়া হয়েছিল*

***এখানে অনলাইনে আবেদন দাখিল করুন***

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে 15 জানুয়ারী 2020 থেকে নিউ ইয়র্ক শহরের বাইরে, 18 বছর বা তার বেশি বয়সী 3,600-এরও বেশি দত্তক প্রাপ্তরা আবেদন দাখিল করেছেন তাদের মূল, বা প্রাক-দত্তক, জন্ম প্রত্যয়নপত্রের প্রত্যয়িত অনুলিপি পাওয়ার জন্য। 15 জানুয়ারি ছিল প্রথম দিন যেদিন তারা এই সব নথির অনুরোধ জানাতে পেরেছিলেন একটি নতুন আইন গভর্নর স্বাক্ষর করার পরে।

"দত্তকপ্রাপ্তদের অন্য সবার মতো একই অধিকার আছে জন্ম রেকর্ডের প্রতি, এবং আমরা যে নতুন আইন প্রণয়ন করেছি তা প্রথমবারের জন্য তা বাস্তবায়িত করছে," **গভর্নর কুওমো বলেন।** "নতুন আইন কার্যকর হওয়ার মাত্র প্রথম 48 ঘন্টার মধ্যে যে উল্লেখযোগ্য আগ্রহ দেখা গেছে তা স্পষ্ট করে দেয় এই নীতির পরিবর্তন নিউ ইয়র্কবাসীদের জন্য কতটা মূল্যবান, এবং আমি গর্বিত যে আমরা এই অসাম্যের সংশোধন করতে সক্ষম হয়েছি।"

নিউ ইয়র্ক রাজ্য স্বাস্থ্য অধিদপ্তর (New York State Department of Health) নিউইয়র্ক স্টেটে, কিন্তু নিউ ইয়র্ক সিটির বাইরে জন্মগ্রহণকারী 18 বছর বয়সী এবং তার চেয়ে বেশি বয়স্ক দত্তকরূপে গৃহীত যারা তাদের জন্ম প্রত্যয়ন পত্র পেতে চান তাদের আবেদন গ্রহণের জন্য প্রস্তুত থাকবে। যদি দত্তকরূপে গ্রহণকারী মৃত হন, তবে তার সরাসরি বংশধররা যেমন দত্তকরূপে গ্রহণকারীর সন্তান, নাতি-নাতনি বা তাদের নাতি-নাতনি দত্তকরূপে গ্রহণকারীর জন্ম নিবন্ধনের একটি অনুলিপির জন্য আবেদন করতে পারেন। তাছাড়াও, কোনও দত্তকরূপে গৃহীত ব্যক্তির আইনী প্রতিনিধি বা মৃত দত্তকরূপে গৃহীত ব্যক্তির সরাসরি বংশধরের আইনী প্রতিনিধিও আসল জন্ম প্রত্যয়ন পত্রের জন্য আবেদন করতে পারেন।

প্রথম দুই দিনে [অনলাইনে](#) 3,600টিরও বেশি অনুরোধ জমা পড়েছিল, স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে যেমন উৎসাহিত করা হয়েছে, যেহেতু এটি আবেদন করার জন্য সব চেয়ে দক্ষ উপায় এবং এর ফলে জন্ম সনদ দ্রুত জারি করা হবে। কাগজে লিখিত আবেদনও ডাকযোগে এবং ব্যক্তিগতভাবে গ্রহণ করা হবে।

নিউ ইয়র্ক শহর বাদে নিউ ইয়র্ক রাজ্যের সকলের জন্ম রেকর্ড স্বাস্থ্য অধিদপ্তরের নিকটে রয়েছে। নিউ ইয়র্ক শহরে জন্মগ্রহণকারী দত্তকরূপে গৃহীত ব্যক্তিকে অবশ্যই [নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিভাগের \(New York City Department of Health and Mental Hygiene\)](#) মাধ্যমে আবেদন করতে হবে।

**নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন,** "স্বাস্থ্য দপ্তরে আমাদের নিবেদিত কর্মীরা এই দিনটির প্রস্তুতি নিতে বহু সময় ব্যয় করেছেন। যত দ্রুত সম্ভব এই আবেদনগুলি প্রক্রিয়া করার জন্য আমরা অধ্যবসায়ের সাথে কাজ চালিয়ে যাব, যাতে দত্তক রূপে গৃহীত ব্যক্তিরা তাদের অতীতের এই গুরুত্বপূর্ণ অংশটি পেতে পারেন।"

আরও তথ্যের জন্য,

দেখুন: [https://www.health.ny.gov/vital\\_records/obtaining\\_birth\\_certificate.htm](https://www.health.ny.gov/vital_records/obtaining_birth_certificate.htm) |

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)

নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)